গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.dbla.gov.bd

স্মারক নং-১০.০৭.০০০০.০০০.০০২.৩১.০০১২.১৮-৩১৪

তারিখঃ ২৫ আষাঢ় ১৪৩৩ / ০৯ জুলাই ২০২৬

## ইন্টার্নশিপ আহ্বান বিজ্ঞপ্তি

আইনগত সহায়তা প্রদান (সংশোধন) আইন, ২০২৬ এর উদ্দেশ্য বাস্তবায়নে 'ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩' অনুযায়ী বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তরের অধীন জেলা লিগ্যাল এইড অফিসসমূহের মাধ্যমে মাঠপর্যায়ে সরকারি আইনগত সহায়তা কার্যক্রম পরিচালনা এবং সরকারি অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত বাস্তবমুখী জ্ঞান ও সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে ০৬ (ছয়) মাস মেয়াদে ৩০ (জন) জন ইন্টার্নকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। উক্ত ইন্টার্নশিপে আগ্রহী ও যোগ্য প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

**০১। কর্ম-এলাকা:**
ফরিদপুর, ময়মনসিংহ, রংপুর, দিনাজপুর, কুষ্টিয়া, সাতক্ষীরা, কুমিল্লা, নোয়াখালী, রাঙ্গামাটি, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, মুন্সীগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, কুড়িগ্রাম, নরসিংদী, ঝিনাইদহ, মাগুরা, লক্ষ্মীপুর, বগুড়া, ঠাকুরগাঁও, পটুয়াখালী, ভোলা, নাটোর, যশোর, শরীয়তপুর, কক্সবাজার, পঞ্চগড় এবং টাঙ্গাইল।

**০২। আবেদনের যোগ্যতা:**

(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;

(খ) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে স্নাতক/স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা চলতি পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

(গ) MS Word, Excel, Power-point সফটওয়্যার ব্যবহারে দক্ষতাসহ শিক্ষানবিস আইনজীবী অগ্রগণ্য হবে;

(ঘ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবারই ইন্টার্নশিপ করতে পারবেন।

০৩। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

০৪। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অনুচ্ছেদ ১২(গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।

০৫। ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতিত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।

০৬। বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত একজন সুপারভাইজারের অধীনে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

০৭। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী 'ইন্টার্নশিপ ভাতা' প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতিমাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যায়ন দাখিল করতে হবে।

০৮। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনরূপ প্রত্যায়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে।

০৯। অধিদপ্তর প্রয়োজন মনে করলে প্রাথমিক বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণের লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষা নিতে পারবে।

১০। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ এবং সময় প্রার্থীর ই-মেইল/ডাকযোগে/মোবাইলে জানানো হবে।

১১। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন-কানুন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

১৩। আগ্রহী প্রার্থীগণকে অধিদপ্তরের ওয়েবসাইট (www.dbla.gov.bd) এর নোটিশবোর্ডে আপলোডকৃত আবেদন ফরম ডাউনলোডপূর্বক যথাযথভাবে পূরণ করে নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সংযুক্ত করে আগামী ১৬ জুলাই, ২০২৬ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে intern@dbla.gov.bd ই-মেইলে আবেদন প্রেরণ করতে হবে।

১৪। মৌখিক পরীক্ষায় সময় পূরণকৃত আবেদনপত্র এবং আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহকৃত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক একসেট সত্যায়িত ফটোকপি অধিদপ্তরে জমা দিতে হবে ।

১৫। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোনো শর্ত সংযোজন বা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করবে এবং ইন্টার্নশিপ চলাকালীন যেকোনো সময় ইন্টার্নশিপ বাতিল বা যেকোনো ইন্টার্নকে অব্যাহতি দিতে পারবে। এক্ষেত্রে ইন্টার্নশিপ প্রদান সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

০৯/০৭/২০২৬খ্রি.

**(মোঃ আশরাফুজ্জামান)**
সহকারী পরিচালক (মনিটরিং)
(সিনিয়র সিভিল জজ)
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর